

# সূত্র

প্রিন্ট: ০৬ আগস্ট ২০২৫, ১২:২২ পিএম

শিক্ষাঙ্গন

## জাবির ৬৪ শিক্ষার্থীকে আজীবন বহিষ্কার, সনদ বাতিল ৭৩ জনের



জাবি প্রতিনিধি

প্রকাশ: ০৫ আগস্ট ২০২৫, ০১:৩৮ পিএম



×

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) অধ্যয়নরত ৬৪ শিক্ষার্থীকে আজীবন বহিষ্কার করা হয়েছে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের সাবেক ৭৩ শিক্ষার্থীর সনদ স্থায়ীভাবে বাতিল করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বৈষম্যবিরোধী আন্দোলনের সময় ছাত্র-জনতার ওপর হামলার ঘটনায় জড়িত থাকার অভিযোগে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সোমবার (৪ আগস্ট) রাত সাড়ে ৩টায় জাবি উপাচার্য অধ্যাপক মোহাম্মদ কামরুল আহসান এসব তথ্য জানান। এর আগে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভা অনুষ্ঠিত হয়।

জাবি উপাচার্য বলেন, গত বছরের জুলাই আন্দোলনে হামলাকারী অভিযুক্ত শিক্ষার্থীর সংখ্যা ২২৯। তাদের মধ্যে ৯৯ জন বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী ও ১৩০ জন বিশ্ববিদ্যালয়ের বর্তমান শিক্ষার্থী। অভিযুক্ত অধ্যয়নরত ১৩০ জন শিক্ষার্থীর মধ্যে ৬৪ জনকে তাদের অপরাধের মাত্রা অনুযায়ী বিশ্ববিদ্যালয় থেকে আজীবন বহিষ্কার করা হয়েছে। ৩৭ শিক্ষার্থীকে দুই বছরের, ৮ জনকে এক বছরের জন্য ও একজনকে ৬ মাসের জন্য বহিষ্কার করা হয়েছে। এছাড়া তদন্ত সাপেক্ষে অভিযুক্ত বর্তমান ২০ শিক্ষার্থীকে অব্যাহতি দেওয়া হয়েছে।

তিনি আরও বলেন, অভিযুক্ত সাবেক ৯৯ শিক্ষার্থীর মধ্যে ৭৩ জনের সনদ বাতিল ও ছয়জনের সনদ দুই বছরের জন্য স্থগিত করা হয়েছে। ২০ জনকে অভিযোগ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

হামলায় জড়িত বহিরাগত সন্ত্রাসী ও হামলার পরিকল্পনায় জড়িতদের এবং ক্যাম্পাসে আসা পুলিশ বাহিনীর কার্যক্রম বিশ্ববিদ্যালয়ের আইনবহির্ভূত বিধায় তাদের বিচারের লক্ষ্যে তদন্ত প্রতিবেদনটি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল পাঠানো হবে বলেও উপাচার্য জানান।